

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 25-11-2025**

**Desk in Charge: SDG**

**Time : 7-35 AM**

**Compiling : Raktim B.**

**DEO : KB**

**NRT : Raktim B.**

**Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-**

**বিশেষ বিশেষ খবর:-**

- ১/ রাজ্যের প্রতিটি জেলাতেই SIR প্রক্রিয়ায় এন্যুমারেশন ফর্ম সংক্রান্ত কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল জানিয়েছেন।
- ২/ SIR-এর কাজে সার্ভার সমস্যা মেটাতে রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর একটি বিশেষ অ্যাপ চালু করেছে।
- ৩/ রাজ্য ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী কর্মসূচি নিয়ে মানুষকে ভুল বুঝিয়ে সামাজিক বিভাজনের চেষ্টা চলেছে বলে রাজ্যপাল ডষ্টের সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন।
- ৪/ স্কুল সার্ভিস কমিশন-SSC-র নবম ও দশম শ্রেণির শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে।
- ৫/ মাঝে বেশ কিছুদিন শীতের অনুভূতি উধাও হলেও, তাপমাত্রার পারদ আবার নামতে শুরু করেছে।
- ৬/ কোচবিহার ট্রফি ক্রিকেটে বাংলা, চগুগড়ের বিরুদ্ধে এগিয়ে রয়েছে।

\*\*\*\*\*

রাজ্য ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী-SIR-এর অধীনে এন্যুমারেশন ফর্ম সংক্রান্ত কাজ সন্তোষজনকভাবে এগিয়ে চলেছে বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন। এস আই আর প্রক্রিয়ায় এন্যুমারেশন ফর্ম পূরণ ও সংগ্রহের শেষ পর্বে তিনি গতকাল জরুরি বৈঠক বসেন। বৈঠকের পর সাংবাদিকদের মুখ্য নির্বাচনী আধিকারিক জানান, ইতোমধ্যেই ফর্ম বিলির কাজ প্রায় একশো শতাংশ সম্পন্ন হয়েছে। গতকাল বিকেল পর্যন্ত ডিজিটালি আপলোড হওয়া ফর্মের সংখ্যা ৪ কোটি ৫৫ লক্ষ, শতকরার নিরিখে যা ৫৯ দশমিক ৩/৯ শতাংশ। আনকালেক্টেবল ফর্মের সংখ্যা ১০ লক্ষ ৩৩ হাজার বলেও শ্রী আগরওয়াল উল্লেখ করেছেন। বিশেষ অ্যাপের মাধ্যমে সরাসরি নির্বাচন কমিশনের কাছে ভোটার সংক্রান্ত যাবতীয় তথ্য পৌঁছে যাচ্ছে বলেও শ্রী আগরওয়াল জানিয়েছেন।

(বাইট - মনোজ কুমার আগরওয়াল)

তিনি আরো জানান, ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন বা SIR কাজের জন্য সবচেয়ে এগিয়ে রয়েছে পূর্ব বর্ধমান জেলা। এর পরেই রয়েছে আলিপুরদুয়ার, উত্তর দিনাজ পুর, মালদা, এবং পূর্ব মেদিনীপুর।

\*\*\*\*\*

SIR--এর কাজের সময়সীমা বাঢ়ানো, উপযুক্ত প্রশিক্ষণ দেওয়া সহ একাধিক দাবিতে গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে ধর্নায় বসেন বুথ লেভেল অফিসারদের একাংশ। নির্বাচন কমিশনের ভূমিকা নিয়ে অভিযোগ তুলে কলেজ স্কোয়ার থেকে CEO অফিস পর্যন্ত মিছিল করে BLO অধিকার রক্ষা কর্মসূচি। মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়ালের কাছে তাঁরা স্মারকলিপি জমা দিতে যান। তবে তাঁদের অভিযোগ, দীর্ঘক্ষণ বসিয়ে রাখলেও মুখ্য নির্বাচনী আধিকারিক

তাদের সঙ্গে দেখা করেননি। পুলিশ দিয়ে তাঁদের দপ্তরের বাইরে বার করে দেওয়া হয়। এরপর তাঁরা দপ্তরের বাইরে বসে বিক্ষোভ দেখাতে থাকেন।

অন্যদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিকের বক্তব্য, তিনি ব্যস্ত থাকায় অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক দিব্যেন্দু দাস তাঁদের সময় দিয়েছিলেন। কিন্তু আন্দোলনকারীরা তাঁর কাছে স্মারকলিপি দিতে রাজি হননি। মুখ্য নির্বাচনী আধিকারিকের দাবি, আন্দোলনকারীদের মধ্যে মাত্র চারজন BLO ছিলেন।

\*\*\*\*\*

BLO অধিকার রক্ষা কমিটির রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে অবস্থান কর্মসূচি করা নিয়ে ভোট কর্মী ও BLO এক্য মৎও সমালোচনায় সরব হয়েছে। মধ্যের সাধারণ সম্পাদক স্বপন মন্ডল বলেন, নির্বাচন কমিশন একটি সাংবিধানিক সংস্থা। কমিশনের বিভিন্ন নির্দেশিকা পালনের জন্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে অবস্থান কর্মসূচি অনুচিত।

\*\*\*\*\*

SIR-এর কাজে সার্ভার সমস্যা মেটাতে রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর একটি বিশেষ অ্যাপ চালু করেছে। কোন এলাকায় সার্ভার কাজ করছে না এখন থেকে তা সরাসরি জানাতে পারবেন DEO-রা। অভিযোগ পেলেই অ্যাপের সঙ্গে যুক্ত ৮-টি টেলিকম সংস্থার কর্তা ব্যক্তি এবং CEO অফিসের আধিকারিকরা দ্রুত ব্যবস্থা নিতে পারবেন। সংশ্লিষ্ট টেলিকম সংস্থাগুলির সঙ্গে আয়োজিত এক বৈঠকে রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল গতকাল স্পষ্ট জানিয়েছেন, সার্ভার সমস্যার নামে কোনও অভিযোগ ফেলে রাখা যাবে না। একইসঙ্গে এন্যুমারেশন ফর্ম সংক্রান্ত কাজ নির্দিষ্ট সময়ের আগে শেষ করলে BLO-দের শংসাপত্র এবং আর্থিক পুরস্কার

দেওয়া হবে বলেও জানানো হয়েছে। এ-জন্য নির্ধারিত সময়সীমা বা কাট-অফ ডেট আজ অর্থাৎ ২৫ নভেম্বর ধার্য করা হয়েছে।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী নিয়ে মানুষকে ভুল বোঝানো হচ্ছে এবং সামাজিক বিভাজন চেষ্টা করা হচ্ছে বলে রাজ্যপাল সি তি আনন্দ বোস মন্তব্য করেছেন। উত্তর ২৪ পরগনার স্বরূপ নগরের হাকিমপুর সীমান্ত পরিদর্শনের পর গতকাল তিনি বলেন, এই অঞ্চলের মানুষের সঙ্গে কথা বলে তিনি বুবতে পেরেছেন, SIR নিয়ে যে আতঙ্কের কথা বলা হচ্ছে তা সত্য নয়। রাজনৈতিক মহলের একাংশ এই নিয়ে আতঙ্ক সৃষ্টি করার চেষ্টা করছেন। যাতে সমাজের ভারসাম্য বিষ্ণিত করার এই অপ্রয়াস বরদান্ত করা হবে না বলে তিনি স্পষ্ট জানিয়েছেন।

( বাইট - রাজ্যপাল )

রাজ্যপাল গতকাল হাকিমপুর সীমান্ত পরিদর্শনের পাশাপাশি সীমান্ত রক্ষী বাহিনী BSF-এর কর্তাদের সঙ্গেও কথা বলেন। স্থানীয় মানুষের সমস্যা সমাধানের ব্যাপারেও তিনি আশ্বাস দেন। রাজ্যপালের আজ মুর্শিদাবাদে যাবার কথা রয়েছে।

\*\*\*\*\*

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়া বা SIR-এর কাজে নির্বাচন কমিশনের ভূমিকায় অসন্তোষ প্রকাশ করে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি গতকাল মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে চিঠি দিয়েছেন। এ-সংক্রান্ত কাজে মুখ্য নির্বাচনী আধিকারিক, জরুরী ভিত্তিতে রাজ্য সরকারের বাংলা সহায়তা কেন্দ্র ও চুক্তি ভিত্তিক ডেটা এন্ট্রি অপারেটরদের বাদ দিয়ে বাইরে থেকে টেলার ডেকে এক হাজার DEO এবং ৫০ জন সফটওয়ার ডেভলপার নিয়োগ করার যে প্রক্রিয়া শুরু করেছেন তাতেই আপত্তি

জানিয়েছেন মুখ্যমন্ত্রী। জেলা নির্বাচনী আধিকারিকের নেতৃত্বে প্রশাসনই প্রয়োজন মতো এই অস্থায়ী কর্মী নিয়োগ করে বলে চিঠিতে তিনি উল্লেখ করেছেন।

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী- SIR সুষ্ঠুভাবে পরিচালনার ক্ষেত্রে কংগ্রেস ও তৃণমূল কংগ্রেসের মতো বিরোধী দলগুলি বিভিন্ন রাজ্যে বাধা সৃষ্টির চেষ্টা করছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের মুখ্যপাত্র সুধাংশু ত্রিবেদী গতকাল নতুন দিল্লিতে সাংবাদিকদের বলেন, দেশে অবাধ, স্বচ্ছ ও সুষ্ঠু নির্বাচন সুনিশ্চিত করার জন্যে এস আই আর জরুরি।

পশ্চিমবঙ্গে বুথ স্টরের এক এজেন্ট-BLA-র, বুথ লেভেল আধিকারিক- BLO-কে হৃষ্কির অভিযোগ প্রসঙ্গে বিজেপি মুখ্যপাত্র বলেন, পশ্চিমবঙ্গের মমতা ব্যানার্জি বারবার SIR নিয়ে প্রোচনামূলক বিবৃতি দিচ্ছেন, যা এই ধরনের কাজে আরও ইন্ধন যোগাচ্ছে।

\*\*\*\*\*

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, ভগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা। এ সংক্রান্ত যাবতীয় তথ্য [www.newsonair.gov.in](http://www.newsonair.gov.in) -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০ শে নভেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সরকারি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আংগুলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

\*\*\*\*\*

স্কুল সার্ভিস কমিশন SSC-র নবম ও দশম শ্রেণির শিক্ষক নিয়োগ পরীক্ষার ফল গতকাল প্রকাশিত হয়েছে।

কমিশনের অফিসিয়াল ওয়েবসাইট [westbengalssc.com](http://westbengalssc.com)-এ লগ ইন ক'রে পরীক্ষার্থীরা নিজেদের ফলাফল জানতে পারবেন। ২৩ হাজার ২১২ টি শূন্যপদের জন্য পরীক্ষা দিয়েছিলেন ২ লক্ষ ৯৩ হাজার ১৯২ জন। তথ্য যাচাই ও ইন্টারভিউয়ের জন্য প্রার্থীদের নামের তালিকা শীত্রই প্রকাশিত হবে বলে SSC সুত্রে জানা গেছে।

শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু এক্স হ্যান্ডেলে চাকরিহারা প্রার্থীদের উদ্দেশে আবেদন জানিয়েছেন, সব প্রক্রিয়া স্বচ্ছতা ও যাবতীয় নিয়ম মেনে হবে।

এদিকে, যোগ্য শিক্ষক-শিক্ষিকাদের বেশ কয়েকজন সরকারের কাছে শূন্যপদের সংখ্যা বাড়ানোরও দাবি জানিয়েছেন।

\*\*\*\*\*

রাজ্য সরকার, আগামী জানুয়ারি মাসের মাঝামাঝি সময়ের মধ্যে আরও ১৬ লক্ষের বেশি নতুন উপত্বকাকে ‘বাংলার বাড়ি’ প্রকল্পে প্রথম কিস্তির টাকা দেওয়ার কাজ শেষ

করার লক্ষ্যমাত্রা নিয়েছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরোহিত্যে গতকাল নবান্নে রাজ্য মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। মন্ত্রী চন্দ্রমা ভট্টাচার্য বলেন এই দফায় আরও ১৬ লক্ষ ৩৬ হাজার ৫২২ জনকে আগামী মাস থেকে প্রথম কিন্তির ৬০ হাজার টাকা করে দেওয়ার কাজ শুরু হবে। ইতোমধ্যে এই প্রকল্পে ১২ লক্ষ পরিবারকে টাকা দেওয়া হয়েছে বলে তিনি জানিয়েছেন।

এছাড়াও পথশ্রী প্রকল্পে রাজ্যের গ্রামীণ এলাকায় ১৫ হাজার ১১ কিলোমিটার দীর্ঘ মোট ৯ হাজার এবং শহরতলি এলাকায় ৫ হাজার কিলোমিটারের বেশি দীর্ঘ মোট ১১ হাজার ৩৬৫টি নতুন রাস্তা তৈরির একটি প্রস্তাবও বৈঠকে গৃহীত হয়েছে।

একই সঙ্গে কোচবিহার, কল্যানী, উলুবেড়িয়া, বাঁকুড়ার বিষুপুর, ফলতায় মোট ৮টি নতুন শিল্প তালুক গড়ে তোলার জন্যে রাজ্য শিল্প উন্নয়ন নিগমকে ফ্রি হোল্ড ভিত্তিতে জমি হস্তান্তর করার একটি প্রস্তাবও অনুমোদিত হয়েছে।

পাশাপাশি উত্তরবঙ্গের ডাবগামে ১০ একর জমির উপরে একটি কনভেনশন সেন্টার ও দার্জিলিং জেলার মাটিগাড়ায় মহাকাল মন্দির তৈরির জন্যে দুটি মৌজার ২৯ দশমিক ১০ একর এবং শিলিগুড়ি জলপাইগুড়ি উন্নয়ন পর্ষদের হাতে থাকা ১৭ দশমিক ৪১ একর জমি ভূমি রাজ্য দণ্ডকে হস্তান্তর করার বিষয়েও বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

\*\*\*\*\*

রাজ্যের ক্ষুদ্র, অতি ক্ষুদ্র ও মাঝারি শিল্পকে আরও শক্তিশালী করতে রাজ্য সরকার বিশ্বব্যাংকের র্যাম্প (RAMP) প্রকল্পের আওতায় সারা রাজ্যের MSME ক্লাস্টারগুলির ওপর বিস্তারিত সরেজমিন সমীক্ষা শুরু করার পরিকল্পনা করেছে। ক্ষুদ্র, অতি ক্ষুদ্র ও মাঝারি শিল্প ও বন্ধু দফতরের উদ্যোগে ক্ষুদ্র শিল্প ইউনিটগুলির বাস্তব সমস্যা চিহ্নিত করে দক্ষতা বৃদ্ধি, প্রযুক্তি আধুনিকীকরণ, বাজার সম্প্রসারণ এবং দীর্ঘমেয়াদী উন্নয়নের ভিত্তি আরও মজবুত করা এই সমীক্ষার উদ্দেশ্য।

দফতর সূত্রে জানা গিয়েছে, বিভিন্ন সেক্টরে ছড়িয়ে থাকা ছোট ইউনিটগুলির সমস্যাগুলি বোঝার জন্য সংশ্লিষ্ট সংস্থাগুলিকে আমন্ত্রণ জানানো হয়েছে। তারা উদ্যোগাদের সঙ্গে সরাসরি কথা বলে, ফোকাস গ্রুপ আলোচনায় অংশ নিয়ে, শিল্প ইউনিট পরিদর্শন করে এবং জেলা শিল্প কেন্দ্র ও শিল্প সংগঠনগুলির সঙ্গে পরামর্শ করে একটি পূর্ণাঙ্গ পর্যালোচনা রিপোর্ট প্রস্তুত করবে।

\*\*\*\*\*

হাওড়ার উলুবেড়িয়ায় একটি পুরুরে পুলকার পড়ে গিয়ে তিন পুরুয়ার মৃত্যুর ঘটনায় পুলকারের চালককে গ্রেফতার করেছে উলুবেড়িয়া থানার পুলিশ। জগদীশপুরের একটি প্রাথমিক স্কুল থেকে গতকাল বিকেলে পুলকারটি পাঁচ শিশু পুরুয়াকে নিয়ে ফেরার সময় এই বিপন্নি ঘটে। তড়িঘড়ি উদ্ধার কাজ শুরু হলেও ঘটনাস্থলে তিন পুরুয়া প্রাণ হারায়।

গুরুতর আহত আরও দুই শিশুর হাসপাতালে চিকিৎসা চলছে।

\*\*\*\*\*

পশ্চিম বর্ধমানের কাঁকসায় বিজেপি কর্মী খুনের সাত বছর পরেও এখনও শুনানি না শুরু হওয়ায় সরকারি আইনজীবী বদলের আবেদন করেছেন অভিযোগকারী।

উল্লেখ্য, গত ২০১৮ সালের ৯ই ডিসেম্বর কাঁকসার সরস্বতীগঞ্জে সভা শেষে ফেরার পথে দুর্কৃতীদের গুলিতে খুন হন বিজেপি কর্মী সন্দীপ ঘোষ। ঘটনায় তৎকালীন বিদবিহার পপঞ্চয়েতের তৃণমূলের পপঞ্চয়েত সদস্য শেখ সাইফুল, জাহারুল মিদ্যা, সুকুমার সাহা এবং শেখ হিরন সহ ৯ জনের নামে অভিযোগ দায়ের করে বিজেপি। এরপর কাঁকসা থানার পুলিশ জাহারুল, সুকুমার সাহা, শেখ হিরন সহ আরও তিন জনকে গ্রেফতার করলেও মূল অভিযুক্ত শেখ সাইফুল এখনও অধরা। ঘটনার এতদিন পরেও বিচারপ্রক্রিয়া শুরু না হওয়ায় মামলাকারী জয়দীপ বন্দ্যোপাধ্যায়, সরকারি আইনজীবী

শ্রাবণী সরকারকে সরানোর দাবিতে পশ্চিম বর্ধমানের জেলাশাসকের কাছে আবেদন করেছেন।

আবার, অভিযোগকারীর বিরুদ্ধে পাল্টা মানহানির মামলা দায়ের করার হুঁশিয়ারি দিয়েছেন দুর্গাপুর আদালতের ভারপ্রাপ্ত সরকারি আইনজীবি শ্রাবণী সরকার।

\*\*\*\*\*

মাঝে বেশ কিছুদিন শীতের অনুভূতি উধাও হলেও তাপমাত্রার পারদ আবার নামতে শুরু করেছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৬ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে প্রায় ২ ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রাও ছিল স্বাভাবিকের থেকে দুই ডিগ্রি কম।

এদিকে মালয়েশিয়া ও সংলগ্ন মালাক্কা প্রগালীর ওপর অবস্থান করা সুস্পষ্ট নিম্নচাপটি আজকের মধ্যে দক্ষিণ আন্দামান সাগরের উপর গভীর নিম্নচাপে পরিণত হওয়ার সম্ভাবনা রয়েছে। পরবর্তী আটচল্লিশ ঘন্টায় তা আরো পশ্চিম উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হয়ে দক্ষিণ বঙ্গোপসাগরের উপর একটি ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে বলে আলিপুর আবহাওয়া দণ্ডন জানিয়েছে।

তবে এর কোনও প্রত্যক্ষ প্রভাব এরাজ্যে পড়ার সম্ভাবনা নেই।

\*\*\*\*\*

অধিনায়ক চন্দ্রহাস দাসের ত্রিশতরানের সুবাদে বাংলা, চগুগড়ের বিরুদ্ধে কোচবিহার ট্রফি ক্রিকেটে বড় ব্যবধানে এগিয়ে।

কল্যাণীর বেঙ্গল ক্রিকেট আকাদেমি মাঠে গতকাল ম্যাচের দ্বিতীয় দিনে বাংলা ৭ উইকেটে ৬২৮ রান তুলে প্রথম ইনিংস ডিক্লেয়ার করে।

চন্দ্রহাস ৩১৯ বলে ৩৩২ রানে অপরাজিত থাকেন। এই টুর্নামেন্টে বাংলার কোনও ব্যাটারের এটিই সর্বাধিক স্কোর। তার ইনিংসে ছিল ৫৩টি চার ও ১০টি ছয়।  
আশুতোষ কুমার ৫৩ রানে অপরাজিত রয়ে যান। জবাবে ১২২ রানে চণ্ণীগড়ের প্রথম ইনিংস শেষ হয়ে যায়। ফলো অনের পর চণ্ণীগড় দ্বিতীয় ইনিংসে বিনা উইকেটে ১৭ রান করেছে।

\*\*\*\*\*